খুলনা বিশ্ববিদ্যালয়

খুলনা

ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল

ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুলের আওতাধীন ডিসিপ্লিনসমূহে স্নাতক ১ম বর্ষে শিক্ষার্থী ভর্তির নিয়মাবলী

শিক্ষাবর্ষ : ২০১৬-২০১৭

খুলনা বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুলের আওতাধীন 'ব্যবসায় প্রশাসন ডিসিপ্লিন' ও 'হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট' ডিসিপ্লিনে ৪ বছর মেয়াদী স্নাতক কোর্সে প্রথম বর্ষে শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে নির্ধারিত পদ্ধতিতে ভর্তির আবেদন আহবান করা যাচ্ছে:

আবেদন করার যোগ্যতা :

১. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২. প্রার্থীকে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৫০ এবং ২০১৫ অথবা ২০১৬ সালের উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৪.৫০ সহ মোট জিপিএ ৯.০০ পেতে হবে।

৩. জি সি ই "**O**" লেভেল পরীক্ষায় অন্ততঃ ৩টি বিষয়ে এবং ২০১৫ অথবা ২০১৬ সালের "**A**" লেভেল পরীক্ষায় কমপক্ষে ২টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র/ছাত্রীরা আবেদন করতে পারবে। ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের "**O**" এবং "**A**" লেভেল পরীক্ষায় মোট ৫টি বিষয়ের মধ্যে কমপক্ষে ৩টি বিষয়ে "**B**" গ্রেড এবং ২টি বিষয়ে "**C**" গ্রেড থাকতে হবে।

ডিসিপ্লিন, কোর্সের মেয়াদ ও আসন সংখ্যা :

ডিসিপ্লিনের নাম	কোর্সের মেয়াদ ও ডিগ্রী	সাধারণ আসন	সংরক্ষিত আসন		মোট আসন
			মুক্তিযোদ্ধা কোটা	উপজাতি কোটা	
ব্যবসায় প্রশাসন	৪ বছর, স্নাতক	৫৩	০১	০১	৫৫
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট	৪ বছর, স্নাতক	৩৮	০১	০১	৪০

* মুক্তিযোদ্ধা ও উপজাতি কোটার সংরক্ষিত আসনে শুধু সংশ্লিষ্ট কোটার প্রার্থীদের ভর্তি করা হবে।
* বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ০১ (এক) টি অতিরিক্ত আসন স্কুলের অধীন সংরক্ষিত থাকবে।

ভর্তি পরীক্ষা ও মেধা তালিকা প্রণয়ন পদ্ধতি :

১. **পরীক্ষার বিষয়সমূহ ও নম্বর বন্টন :**

ভর্তি পরীক্ষার মোট নম্বর থাকবে ১০০। এর মধ্যে মাধ্যমিক/সমমানের পরীক্ষার ফলাফলের উপর ৫ নম্বর এবং উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষার ফলাফলের উপর ১০ নম্বর (মোট ১৫ নম্বর) বরাদ্দ থাকবে। অবশিষ্ট ৮৫ নম্বর নিম্নলিখিতভাবে বন্টন করা হবে:

সেকশন	পরীক্ষার বিষয়	নম্বর	সময়
সেকশন A	ইংরেজি	৫৫	১.৩০ ঘন্টা (১ ঘন্টা পরীক্ষা + ৩০ মিনিট পরিচয় সনাক্তকরণ)
সেকশন B	সাধারণ জ্ঞান	১০	
সেকশন C	**গাণিতিক সমস্যা সমাধান** (Mathematical Problems Solving)	১০	
সেকশন D	Analytical Ability & IQ	১০	
	মোট নম্বর = ৮৫		

২. মেধা তালিকায় বিবেচিত হতে হলে সেকশন A এর ইংরেজিতে ন্যূনতম ২২ নম্বরসহ সর্বমোট ৮৫ নম্বরের মধ্যে ৩৫ নম্বর পেতে হবে।

৩. **ভর্তি পরীক্ষা নৈর্ব্যক্তিক (MCQ) পদ্ধতিতে গ্রহণ করা হবে।**

৪. **ভর্তি সংক্রান্ত তারিখ ও সময়সূচী :**

ক্র:নং	বিবরণ	তারিখ	সময়সূচী (প্রযোজ্য ক্ষেত্রে)
১	আবেদন শুরু	০৫/০৯/২০১৬	-
২	আবেদন শেষ	৩০/০৯/২০১৬	-
৩	যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ	১৬/১০/২০১৬	-
৪	ভর্তি পরীক্ষা	০৪/১১/২০১৬	সকাল ০৯.০০মি: থেকে ১০.৩০মি:
৫	ফলাফল প্রকাশ	১৩/১১/২০১৬ তারিখের মধ্যে	
৬	মেধা তালিকা থেকে ভর্তি	২১/১১/২০১৬	সকাল ০৯.৩০মি: থেকে ১.৩০মি:
৭	অপেক্ষমান তালিকা থেকে ভর্তির জন্য নাম নিবন্ধণ	২৭/১১/২০১৬	সকাল ১০.০০মি: থেকে ১১.০০মি:
৮	অপেক্ষমান তালিকা থেকে ভর্তি	২৭/১১/২০১৬	সকাল ১১.০০মি: থেকে ১২.৩০মি:
৯	ক্লাশ শুরু	০১/০১/২০১৭ তারিখ থেকে	

আবেদন করার নিয়মাবলী :

১। মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় (GCE O- Level, A- Level এবং ২০০৬ সালের পূর্বে মাধ্যমিক/সমমান পর্যায়ে উত্তীর্ণ হওয়া আবেদনকারী ব্যতিত) উত্তীর্ণ আবেদনকারীবৃন্দ খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে <www.ku.ac.bd> নির্দেশিত নিয়মাবলী অনুযায়ী বিজ্ঞাপনে প্রদত্ত ধাপসমূহ-এর মাধ্যমে আবেদন করতে পারবে।

২। GCE O- Level, A- Level এবং ২০০৬ সালের পূর্বে মাধ্যমিক পর্যায়ে উত্তীর্ন হওয়া আবেদনকারীবৃন্দ ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুলের অফিস থেকে আবেদনপত্র সংগ্রহ করে সঠিকভাবে পূরণ করতঃ "সভাপতি, ভর্তি কমিটি, ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল, অগ্রনী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখা" বরাবর ৩০০/= (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ (অফেরতযোগ্য) নিম্নলিখিত ঠিকানায় ডাকযোগে/সরাসরি পাঠাতে পারবে:

ডিন, ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল, একাডেমিক ভবন-৩, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮।

৩। ভর্তি পরীক্ষার সময় সকল পরীক্ষার্থীকে অবশ্যই ওয়েব সাইট (ku.cloudonebd.com) থেকে সংগ্রহকৃত প্রবেশপত্রের ২ (দুই) কপি সঙ্গে আনতে হবে।

ভর্তি হওয়ার নিয়মাবলী :

১. একজন প্রার্থী একই সাথে সাধারণ আসন এবং সংরক্ষিত আসনের মেধা তালিকায় থাকলে সে কোন মেধা তালিকায় বিবেচিত হতে চায় তা সনদপত্র যাচাইয়ের সময় উল্লেখ করতে হবে।

২. মেধা তালিকায় অন্তর্ভূক্ত প্রার্থীদেরকে নির্ধারিত ভর্তির তারিখে সকাল ০৯.৩০ টা থেকে দুপুর ০১.৩০ টা পর্যন্ত মেধাক্রম অনুযায়ী ভর্তি করা হবে। **মেধা তালিকায় অন্তর্ভূক্ত কোন প্রার্থী নির্ধারিত তারিখে ভর্তি হতে ব্যর্থ হলে সে আর কোনক্রমেই ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না।**

৩. অপেক্ষমান মেধা তালিকার প্রার্থীদের নির্ধারিত তারিখে সকাল ১০.০০ টা থেকে ১১.০০ টা পর্যন্ত ভর্তির জন্য উপস্থিতি নিবন্ধন করা হবে এবং পরবর্তীতে শুধু নিবন্ধনকৃত প্রার্থীদের মধ্য থেকে মেধাক্রমানুসারে নির্দিষ্ট সময়সুচী অনুযায়ী ভর্তি করা হবে।

৪. অপেক্ষমান মেধা তালিকা থেকে শিক্ষার্থী ভর্তি করার পর যদি আবারও আসন শূণ্য হয় তবে অপেক্ষমান মেধা তালিকায় নিবন্ধনকৃত শিক্ষার্থীদের মধ্য থেকে ক্লাশ শুরুর দুই সপ্তাহের মধ্যে মেধাক্রমানুযায়ী শিক্ষার্থী ভর্তি করার ব্যবস্থা গ্রহণ করা হবে।

৫. ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের মূল মার্কশীট/গ্রেডশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদপত্র এর সত্যতা যাচাইয়ের জন্য ভর্তি কমিটির সভাপতি কর্তৃক মনোনীত ব্যক্তির নিকট ভর্তির দিনে অবশ্যই পেশ করতে হবে।

৬. কাগজপত্রের সত্যতা যাচাইয়ের পর প্রার্থীকে স্বাস্থ্য পরীক্ষা করাতে হবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের মনোনীত চিকিৎসক নির্বাচিত প্রাথীর স্বাস্থ্য পরীক্ষা করবেন। পরীক্ষায় যদি কারো শারীরিক বা মানসিক এমন কোন অক্ষমতা ধরা পড়ে, যার ফলে এ বিশ্ববিদ্যালয়ে শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণ করা প্রার্থীর পক্ষে অসুবিধা হতে পারে তাহলে সে ভর্তির অনুপযুক্ত বলে বিবেচিত হবে। তবে নিরাময়যোগ্য ত্রুটির ক্ষেত্রে ১০ (দশ) দিনের মধ্যে পুনঃপরীক্ষা করা যেতে পারে। স্বাস্থ্য পরীক্ষার নিয়মাবলী সংরক্ষিত আসনের প্রার্থীদের জন্যও প্রযোজ্য। স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য প্রমানিত হলে ভর্তি কমিটির সভাপতির অনুমোদনক্রমে নির্ধারিত সময়ের মধ্যে ফি জমা দিয়ে ভর্তি হতে হবে।

৭. (ক) উপজাতি কোটার প্রার্থী কোন এলাকার বাসিন্দা এবং সে উপজাতি কিনা তার প্রমাণস্বরূপ প্রার্থী যে বিদ্যালয় থেকে মাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছিল সেই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বা প্রথম শ্রেণির গেজেটেড অফিসারের বা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের কাছ থেকে স্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি অথবা উপজাতি গোত্রের মোড়ল (চীফ) কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট (স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা/জেলা প্রশাসক কর্তৃক সত্যায়িত হতে হবে) জমা দিতে হবে।

(খ) মুক্তিযোদ্ধার পোষ্য কোটার প্রার্থীর ক্ষেত্রে মুক্তিযুদ্ধের মূল সনদপত্র জমা দিতে হবে। যা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক যাচাই করে নেয়া হবে।

বিশেষ দ্রষ্টব্য :

১. পরীক্ষার সময় কোন মোবাইল ফোন,ক্যালকুলেটরসহ অন্য যে কোন ধরণের ইলেক্ট্রনিক ডিভাইস সঙ্গে আনা যাবে না।

২. বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলগুলোতে স্থানাভাবের জন্য শিক্ষার্থীদের প্রথম বর্ষে সিটের নিশ্চয়তা দেয়া যাবে না।

৩. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য প্রার্থীদের তালিকা, নির্বাচিত প্রার্থীদের রোল নম্বরসহ নামের তালিকা, পরীক্ষার আসন বিন্যাস, মেধা তালিকা, অপেক্ষমান মেধা তালিকা, ভর্তির সময়সূচী, এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য যাবতীয় তথ্যাবলী **"ডিন অফিস, ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল, খুলনা বিশ্ববিদ্যালয়"** এর নোটিশ বোর্ড/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রার্থীদেরকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।

৪. ভর্তির বিষয়ে যে কোন নিয়ম-কানুন পরিবর্তন বা সংশোধনের ক্ষমতা ভর্তি কমিটি সংরক্ষণ করে।

৫. ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি নিম্নলিখিত ওয়েবসাইটেও পাওয়া যাবেঃ <www.ku.ac.bd>

(অধ্যাপক মেহেদী হাসান মোঃ হেফজুর রহমান)
ডিন
ও
সভাপতি
ভর্তি পরীক্ষা কমিটি, শিক্ষাবর্ষ ২০১৬-২০১৭
ব্যবস্থাপনা ও ব্যবসায় প্রশাসন স্কুল
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮
Web: <www.ku.ac.bd>